

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.১৮.০০৪.১৬.৭৩৫


তারিখঃ ১৩-০৮-২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলের কারণে উত্তরাঞ্চলসহ দেশের বিভিন্ন জেলা বন্যা প্লাবিত হয়েছে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য মতে এই বন্যা পরিস্থিতির আরো অবনতি হতে পারে। বন্যা পরিস্থিতি মোকাবেলা, ত্রাণ ও উদ্ধার কার্যক্রম পরিচালনা, পর্যবেক্ষণ, তদারকি ও পরিবীক্ষণের নিমিত্ত পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সাপ্তাহিক ছুটির দিন ও সরকারী ছুটির দিনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল শাখা যথারীতি খোলা থাকবে।

এছাড়া, আগামী ১৪-০৮-২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় সাংবাদিক সম্মেলনে প্রেস ব্রিফিং এর সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। সাংবাদিক সম্মেলনে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

বর্ণিত অবস্থায়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সাপ্তাহিক ছুটির দিন ও সরকারী ছুটির দিনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সকল শাখা খোলা রেখে উপস্থিত থাকাসহ ১৪-০৮-২০১৭ তারিখ সাংবাদিক সম্মেলন চলাকালে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারিকে অফিসে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ ইউছুফ আলী)
(যুগ্ম-সচিব)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৮৯২৩৯৮

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.১৮.০০৪.১৬.৭৩৫

তারিখঃ ১৩-০৮-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক / প্রকল্প পরিচালক, (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক / উপ-প্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [তঁর ও তঁর নিয়ন্ত্রণাধীন সকল কর্মকর্তা এবং কর্মচারিকে অবহিতকরণ এবং উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো]।
- ৫। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৭। স্টোর ইনচার্জ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। সাংবাদিক সম্মেলনে আপ্যায়নের ব্যবস্থা করার জন্য বলা হলো।
- ৮। পি.এ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।